

# শিশু সুরক্ষা আয়োগের সদস্যরা আক্রান্ত

## আজকালের প্রতিবেদন

পশ্চিমবঙ্গ শিশু অধিকার ও সুরক্ষা আয়োগের সদস্যদের ওপর হামলার অভিযোগ করা হয়। সোমবার স্কুল পরিদর্শন করে ফেরার পথে দক্ষিণ চব্বিশ পরগনার বাখরাহাট মোড়ের কাছে আয়োগের সদস্য সৌমিত্র রায়, সাকিলা সুলতানা সামস এবং কনসালটেন্ট ইন্ডাণী চক্রবর্তীর ওপর হামলা হয়। অভিযোগ, বাঁশ দিয়ে গাড়ি পেটানো হতে থাকে। গাড়ির চালকের তৎপরতায় কোনও মতে

প্রাণে বাঁচেন তাঁরা। এদিনের ঘটনার পর নিরাপত্তাধীনতায় ভুগছেন আয়োগের সদস্যরা। ঘটনার পর এদিন সাংবাদিক বৈঠক করে আয়োগের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী জানিয়েছেন, ‘অনেকদিন ধরেই আমরা এমন সব পদক্ষেপ করছি, যে অনেকেরই আমাদের ওপর আক্রমণ রয়েছে। আমাদের কাজটা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। আমরা খুবই আশক্ষিত। ভবিষ্যতে কীভাবে কাজ করব জানি না। হামলাকারীদের হাতে বিজেপি-র দলীয় পতাকা

ছিল। সবার কপালে পেরুরা তিলক ছিল। আয়োগের মতো একটি সাংবিধানিক সংস্থার ওপর যদি কেউ এভাবে আক্রমণ করে সেটা খুবই দুর্ভাগ্যজনক। কোনও দিনও এরকম অসুবিধা হয়নি। এতদিন আমরা স্বাধীনভাবেই ঘূরেছি। এবার ভাবতে হবে কীভাবে বেরোব, আদৌ একা যাওয়া যাবে কিনা। বিষ্ণুপুর থানায় এফআইআর করেছি। সেই কপি এডিজি (আইনশৃঙ্খলা) অনুজ শর্মাকে পাঠিয়েছি। তিনি উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আশ্চর্য দিয়েছেন।’